# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
# তথ্য অধিদফতর
# বাংলাদেশ সচিবালয়
# ঢাকা

## সংবাদ গতিধারা

**জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার**

**সংখ্যা : ২১৩/২০১৭-১৮**

**ঢাকা, সোমবার, ৩০ এপ্রিল ২০১৮, ১৭ বৈশাখ ১৪২৫**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। বুদ্ধ পূর্ণিমা উপলক্ষে বঙ্গভবনে রাষ্ট্রপতির সংবর্ধনা

২। অস্ট্রেলিয়ায় সফরশেষে প্রধানমন্ত্রী দেশে ফিরেছেন

৩। মিয়ানমারকেই সমস্যার সমাধান করতে হবে
রোহিঙ্গা পরিস্থিতি পর্যবেক্ষণ শেষে নিরাপত্তা পরিষদ প্রতিনিধিদলের অভিমত

৪। বাণিজ্য বৃদ্ধির লক্ষ্যে ১০টি বন্দর চালু করেছে সরকার : সেমিনারে নৌ পরিবহণমন্ত্রী

৫। জাতীয় বিদ্যুৎ গ্রিডে যুক্ত হলো আরও ২০০ মেগাওয়াট বিদ্যুৎ

৬। কারিগরির ৬৩০ শিক্ষককে বিদেশে প্রশিক্ষণ দেয়া হবে : শিক্ষা প্রতিমন্ত্রী

৭। মুখোশধারী ধর্মবাজদের প্রতিহত করতে হবে : বুদ্ধ পূর্ণিমার অনুষ্ঠানে তথ্যমন্ত্রী

৮। পবিত্র রমজান উপলক্ষে টিসিবির পণ্য বিক্রি শুরু ৬ মে

৯। বজ্রপাতে দেশের ৯ জেলায় ১৯ জন নিহত

চলমান পাতা-২

**১।	বুদ্ধ পূর্ণিমা উপলক্ষে বঙ্গভবনে রাষ্ট্রপতির সংবর্ধনা**

বুদ্ধ পূর্ণিমা উপলক্ষে গতকাল (২৯ এপ্রিল রোববার) বঙ্গভবনে বৌদ্ধ ধর্মাবলম্বীদের সংবর্ধনা দেন রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ। সকলের প্রতি সাম্প্রদায়িক সম্প্রীতি ও ঐতিহ্য সমুন্নত রেখে জাতীয় উন্নয়নে দলমত এবং ধর্মীয় বিশ্বাস নির্বিশেষে যথাযথ ভূমিকা পালনের আহ্বান জানিয়েছেন তিনি। বৌদ্ধ ধর্মাবলম্বীদের বৃহত্তম ধর্মীয় উৎসব বুদ্ধ পূর্ণিমা উপলক্ষে গতকাল বিকেলে বঙ্গভবনে বৌদ্ধ সম্প্রদায়ের প্রতিনিধিদের সঙ্গে শুভেচ্ছা বিনিময়কালে রাষ্ট্রপতি এ আহ্বান জানান। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.১), **প্রথম আলো** (পৃ.৪,ক.২), **নিউজ টুডে** (পৃ.৩,ক.২), **নিউ নেশন** (পৃ.৩,ক.৬)।

**২।	অস্ট্রেলিয়ায় সফরশেষে প্রধানমন্ত্রী দেশে ফিরেছেন**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা অস্ট্রেলিয়ায় তিন দিনের সরকারি সফরশেষে দেশে ফিরেছেন। গতকাল (২৯ এপ্রিল রোববার) স্থানীয় সময় বিকাল ৪টায় (বাংলাদেশ সময় দুপুর ১২টা) থাই এয়ারওয়েজের একটি ফ্লাইটে সিডনির কিংসফোর্ড স্মিথ আন্তর্জাতিক বিমানবন্দর থেকে প্রধানমন্ত্রী দেশের উদ্দেশে রওনা দেন। অস্ট্রেলিয়ায় নিযুক্ত বাংলাদেশের হাইকমিশনার মো. সুফিউর রহমান বিমানবন্দরে প্রধানমন্ত্রীকে বিদায় জানান। প্রধানমন্ত্রী দেশে ফেরার পথে প্রায় এক ঘণ্টা থাইল্যান্ডের রাজধানী ব্যাংককের সুবর্ণভূমি আন্তর্জাতিক বিমানবন্দরে যাত্রাবিরতি করেন। পরে থাই এয়ারওয়েজের অপর একটি ফ্লাইটে ঢাকার উদ্দেশে যাত্রা করেন। ফ্লাইটটি গতকাল রাত ১২টা ৪০ মিনিটে হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে অবতরণ করে। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.১), **জনকণ্ঠ** (পৃ.১,ক.১), **অবজারভার** (পৃ.১,ক.১), **নিউজ টুডে** (শেষ পৃ.,ক.৩)।

**৩।	মিয়ানমারকেই সমস্যার সমাধান করতে হবে**
**রোহিঙ্গা পরিস্থিতি পর্যবেক্ষণ শেষে নিরাপত্তা পরিষদ প্রতিনিধিদলের অভিমত**

জাতিসংঘের নিরাপত্তা পরিষদের প্রতিনিধিরা বলেছেন, রোহিঙ্গা সংকট সৃষ্টির উৎস মিয়ানমারে। তাই মিয়ানমারকেই এ সংকটের দীর্ঘস্থায়ী ও সম্মানজনক সমাধান দিতে হবে। এজন্য প্রতিশ্রুতিবদ্ধ হয়ে আন্তর্জাতিক সম্প্রদায়ের সাথে মিয়ানমার সরকারকে কাজ করতে হবে। গতকাল (২৯ এপ্রিল রোববার) কক্সবাজারে উখিয়ার কুতুপালং-বালুখালী রোহিঙ্গা শিবির পরিদর্শন শেষে নিরাপত্তা পরিষদের সফররত প্রতিনিধিদলের সদস্যরা এ কথা বলেছেন। বাংলাদেশে আশ্রয় নেওয়া উদ্বাস্তু রোহিঙ্গাদের অবস্থা সরেজমিনে দেখে প্রতিনিধিদল উদ্বেগ প্রকাশ করেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.২), **জনকণ্ঠ** (পৃ.১,ক.২), **ডেইলি সান** (পৃ.১,ক.২), **ডেইলি স্টার** (পৃ.১,ক.১)।

**৪।	বাণিজ্য বৃদ্ধির লক্ষ্যে ১০টি বন্দর চালু করেছে সরকার : সেমিনারে নৌ পরিবহণমন্ত্রী**

নৌ পরিবহণমন্ত্রী শাজাহান খান বলেন, বাণিজ্য বৃদ্ধির লক্ষ্যে বর্তমান সরকার গত ১০ বছরে ১০টি বন্দর চালু করেছে। বন্দরগুলোর উন্নয়নেও উদ্যোগ নেওয়া হয়েছে। আগামী মাসে আরও একটি বন্দর চালু করা হবে। পাশাপাশি নৌ পথে পর্যটক আসা যাওয়ার বিষয়েও ভারতের সঙ্গে আলোচনা চলছে। গতকাল (২৯ এপ্রিল রোববার) রাজধানীর হোটেল সোনারগাঁওয়ে ইন্ডিয়া-বাংলাদেশ চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি (আইবিসিসিআই) আয়োজিত 'বাংলাদেশ-ভারতের বাণিজ্য উন্নয়নে স্থলবন্দর সমস্যা সমাধানে করণীয়' শীর্ষক সেমিনারে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৯,ক.৩), **জনকণ্ঠ** (পৃ.৩,ক.৭), **ডেইলি সান** (পৃ.২,ক.২), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (শেষ পৃ.,ক.২)।

**৫। জাতীয় বিদ্যুৎ গ্রিডে যুক্ত হলো আরও ২০০ মেগাওয়াট বিদ্যুৎ**

জাতীয় গ্রিডে আরও ২০০ মেগাওয়াট বিদ্যুৎ যুক্ত করলো বাংলা ট্র্যাক গ্রুপের অঙ্গপ্রতিষ্ঠান বাংলা ট্র্যাক পাওয়ার ইউনিট ১ লিমিটেড। এ নিয়ে প্রতিষ্ঠানটি ইউনিট-১ ও ইউনিট-২ থেকে সর্বমোট ৩০০ মেগাওয়াট বিদ্যুৎ জাতীয় বিদ্যুৎকেন্দ্রে যোগ করল। বিদ্যুৎকেন্দ্রটি কুমিল্লার দাউদকান্দিতে স্থাপিত। সূত্র-**সংবাদ** (পৃ.১৪,ক.৬), **জনকণ্ঠ** (পৃ.১৮,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.২,ক.১), **অবজারভার** বিজনেস পাতা (পৃ.১,ক.৫)।

**৬। কারিগরির ৬৩০ শিক্ষককে বিদেশে প্রশিক্ষণ দেয়া হবে : শিক্ষা প্রতিমন্ত্রী**

শিক্ষা প্রতিমন্ত্রী কাজী কেরামত আলী বলেছেন, বিভিন্ন ধাপে সরকারি উদ্যোগে কারিগরি বিভাগের ৬৩০ জন শিক্ষককে সিঙ্গাপুরে প্রশিক্ষণ দেওয়া হবে। এজন্য আগামী জুনে ৪০ জন শিক্ষক সিঙ্গাপুরে প্রশিক্ষণের জন্য যাবেন। গতকাল (২৯ এপ্রিল রোববার) রাজবাড়ী সরকারি টেকনিক্যাল স্কুল ও কলেজের বার্ষিক ক্রীড়া ও সাংস্কৃতিক প্রতিযোগিতার পুরস্কার বিতরণী অনুষ্ঠানে তিনি এ কথা বলেন। প্রতিমন্ত্রী বলেন, বিদেশের শ্রমবাজারে যে ধরনের শ্রমিকের চাহিদা রয়েছে, সেভাবে জনশক্তি গড়ে তুলতে হলে শিক্ষকদের প্রশিক্ষণের প্রয়োজন রয়েছে। সূত্র-**বণিক বার্তা** (পৃ.১৩,ক.৫)।

**৭। মুখোশধারী ধর্মবাজদের প্রতিহত করতে হবে : বুদ্ধ পূর্ণিমার অনুষ্ঠানে তথ্যমন্ত্রী**

তথ্যমন্ত্রী হাসানুল হক ইনু বলেন, ধার্মিকেরা ধর্মচর্চা করেন আর ধর্মের মুখোশধারী বা ধর্মবাজরা ধর্মনাশ করে। তারাই সাম্প্রদায়িক সম্প্রীতি বিনষ্টকারী ও সমাজে বিশৃঙ্খলাকারী। তিনি বলেন, গৌতম বুদ্ধ অহিংসা ও শান্তির বাণী প্রচার করে মানুষকে অন্ধকার থেকে আলোর পথে নিয়ে এসেছিলেন। মহামতি বুদ্ধ এবং সকল ধর্মের অনুসারীদের সুন্দর সমাজ প্রতিষ্ঠায় মুখোশধারী ধর্মবাজদের প্রতিহত করতে হবে। গতকাল (২৯ এপ্রিল রোববার) রাজধানীর কমলাপুরে ধর্মরাজিক বৌদ্ধ বিহারে বৌদ্ধ কৃষ্টি প্রচার সংঘ আয়োজিত 'বুদ্ধ পূর্ণিমার তাৎপর্য' শীর্ষক আলোচনাসভায় তিনি এ কথা বলেন। সূত্র-**জনকণ্ঠ** (শেষ পৃ.,ক.১)।

**৮। পবিত্র রমজান উপলক্ষে টিসিবির পণ্য বিক্রি শুরু ৬ মে**

পবিত্র রমজান উপলক্ষে ৬ মে থেকে ঢাকাসহ সারাদেশে স্বল্পমূল্যে ট্রেডিং কর্পোরেশন অব বাংলাদেশ (টিসিবি) পণ্য বিক্রি শুরু করবে। এ কর্মসূচির আওতায় রাজধানীসহ দেশজুড়ে ভোজ্যতেল, চিনি, ডাল, ছোলা এবং খেজুর বিক্রি করা হবে। টিসিবির পরিচালক জানান, এ কর্মসূচি ৬ মে থেকে শুরু হবে এবং এটি ঈদুল ফিতর পর্যন্ত চলবে। এছাড়া সারাদেশে ১০টি খুচরা বিক্রয়কেন্দ্র থেকেও এ কার্যক্রম চালানো হবে। সূত্র-**যুগান্তর** (পৃ.১৫,ক.৫), **সমকাল** (পৃ.১২,ক.৫)।

**৯। বজ্রপাতে দেশের ৯ জেলায় ১৯ জন নিহত**

ঝড়-বৃষ্টির মধ্যে দেশের ৯ জেলায় গতকাল (২৯ এপ্রিল রোববার) বজ্রপাতে ১৯ জন নিহত হয়েছে। আহত হয়েছে কমপক্ষে ১৪ জন। সিরাজগঞ্জে পিতা-পুত্রসহ পাঁচজন, মাগুরায় চারজন, নওগাঁয় দুইজন, সুনামগঞ্জে একজন, গাজীপুরে দুইজন, ব্রাহ্মণবাড়িয়ায় একজন, গোপালগঞ্জে একজন, নোয়াখালীতে দুইজন ও রাঙ্গামাটিতে একজন নিহত হয়েছে। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.২), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৪), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.২), **নিউজ টুডে** (পৃ.১,ক.২)।

**সম্পাদকীয়**

ক. **সংবাদ :** জাতিসংঘের নিরাপত্তা পরিষদের প্রতিনিধিদল বাংলাদেশে রোহিঙ্গা শরণার্থী শিবির পরিদর্শন করার কথা উল্লেখ করে রোহিঙ্গা সংকট সমাধানে তারা জোরালো ভূমিকা রাখবেন বলে প্রত্যাশা ব্যক্ত।

খ. **যুগান্তর, সমকাল, প্রথম আলো, ডেইলি স্টার :** রাজধানীর বনানী এলাকায় রাস্তা পার হওয়ার সময় বিআরটিসি'র বাসের চাপায় পা হারানো রোজিনা আক্তার মারা যাওয়ার কথা উল্লেখ করে এ ধরনের ঘটনার জন্য দায়ী বেপরোয়া চালকদের কঠোর শাস্তির পাশাপাশি সড়কে শৃঙ্খলা প্রতিষ্ঠার ওপর গুরুত্বারোপ।

গ. **বণিক বার্তা :** নদী দখল ও খাল ভরাটের কারণে প্রতি বছরই বর্ষার সময়ে চট্টগ্রাম নগরীতে জলাবদ্ধতা দেখা দেওয়ায় এ পরিস্থিতি নিরসনে শুরু হওয়া মেগা প্রকল্পটি দ্রুত বাস্তবায়ন করা হবে বলে প্রত্যাশা ব্যক্ত।

ঘ. **ইত্তেফাক :** বাংলাদেশে বিবিধ প্রাকৃতিক কারণে বজ্রপাতের মাত্রা বৃদ্ধি পাচ্ছে এক তথ্যে তা প্রকাশিত হওয়ার কথা উল্লেখ করে এ ব্যাপারে সচেতনতার আহ্বান।

ঙ. **ইনকিলাব :** উপকূলীয় এলাকার মানুষকে ঘূর্ণিঝড়, জলোচ্ছাস থেকে সুরক্ষায় স্বল্প, মধ্য ও দীর্ঘমেয়াদী পরিকল্পনা নিয়ে কাজ করার সুপারিশ।

চ. **নিউ এজ :** স্বাস্থ্যখাতের উন্নয়নের মাধ্যমে জনগণের দোরগোড়ায় স্বাস্থ্যসেবা পৌঁছাতে সংশ্লিষ্টদের নজর দেওয়ার সুপারিশ।

ছ. **বাংলাদেশ টুডে :** রাজধানীর যত্রতত্র রাস্তা খোঁড়াখুঁড়ি যানজটের অন্যতম কারণ উল্লেখ করে এ ব্যাপারে যথাযথ পদক্ষেপ নেওয়ার ওপর গুরুত্বারোপ করে সম্পাদকীয় প্রকাশ।

**উপসম্পাদকীয়**

**যায়যায়দিন** পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, যুবসমাজের দক্ষতা ও কর্মক্ষমতা বাড়াতে প্রয়োজনীয় প্রশিক্ষণ ও কর্মের ব্যবস্থা করতে হবে।

**নিবন্ধ ও ফিচার**

**ইনকিলাব** পত্রিকায় প্রকাশিত **'শ্রমিকের অধিকার ও প্রাসঙ্গিক ভাবনা'** শিরোনামের নিবন্ধে অভিমত প্রকাশ করা হয়েছে, প্রত্যেক শ্রমিক ন্যায্য মজুরি পেলে, কর্মনিরাপত্তা নিশ্চিত হলে একদিকে যেমন শ্রমিক অসন্তোষ কমবে তেমনি উৎপাদনশীলতাও বৃদ্ধি পাবে, গতিশীল হবে দেশের অর্থনীতি।

#

মরজিনা/সাঈদা/তানিয়া/২০১৮/৯.০০ঘন্টা